

স্মারক নম্বর: ০৫.৪১.৪৮০০.০২৬.০৪.০০৬.১৭.৬

তারিখ: ১ মাঘ ১৪২৪

১৪ জানুয়ারি ২০১৮

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের নতুন ফ্রেমওয়ার্কে তথ্য হালনাগাদকরণ বিষয়ক রিফ্রেশার্স
প্রশিক্ষণে অংশগ্রহণ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ অক্টোবর ২০১৭ তারিখের ০৪.
০০.০০০০.৮৩১.৩৩.০০৩.১৭.২৮১ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জাতীয় তথ্য বাতায়নকে নতুন ফ্রেমওয়ার্কে (নতুন ফিচারসমৃদ্ধ) তৈরি করা হয়েছে। নতুন ফ্রেমওয়ার্কে জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের তথ্যাদি হালনাগাদকরণের জন্য রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজনের জন্য সূত্রস্থ পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, সংযুক্ত তালিকা অনুযায়ী এ জেলায় জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি অফিসসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ০১ (এক) দিনের (প্রতি ব্যাচে) রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

তারিখ : ১ম ব্যাচ - ১৭ জানুয়ারি ২০১৮

২য় ব্যাচ - ১৮ জানুয়ারি ২০১৮

সময় : সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত

স্থান : উচ্চ বালিকা বিদ্যালয়, আখড়া বাজার, কিশোরগঞ্জ

অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে তাঁর দপ্তরে কর্মরত কম্পিউটার ও ইন্টারনেট পরিচালনায় দক্ষ ০১ (এক) জন কর্মকর্তা/কর্মচারির (একটি ল্যাপটপ, মডেম এবং মাল্টিপ্লাগসহ) উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারির মাধ্যমে জাতীয় তথ্য বাতায়নে তাঁর দপ্তরের সকল তথ্যাদি হালনাগাদপূর্বক হালনাগাদ কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন আগামি ৩১ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করতে হবে যা পরবর্তীতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অগ্রায়ণ করা হবে।

সংযুক্তি : বর্ণনামতে তালিকা-০১ (এক) পাতা

১৪-১-২০১৮

গোলাম মোহাম্মদ ভূঁইয়া
অতিরিক্ত জেলা প্রশাসক

স্মারক নম্বর:

০৫.৪১.৪৮০০.০২৬.০৪.০০৬.১৭.৬/১(৩)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কিশোরগঞ্জ (বর্ণিত প্রশিক্ষণে সংযুক্ত তালিকা অনুযায়ী তাঁর উপজেলার উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা অথবা টেকনিশিয়ানের উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ)

২) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ (জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)

৩) প্রধান শিক্ষক, কিশোরগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়, কিশোরগঞ্জ (প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

তারিখ: ১ মাঘ ১৪২৪
১৪ জানুয়ারি ২০১৮



১৪-১-২০১৮

গোলাম মোহাম্মদ ভূঁইয়া
অতিরিক্ত জেলা প্রশাসক